# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৪২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, সালাতে কথা বলা হয়তো মদীনায় রহিত হয়েছে; মক্কায় নয়

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ نَسْخَ الْكَلَامِ فِي الصَّلَاةِ كَانَ ذَلِكَ بِالْمَدِينَةِ لَا بِمَكَّةَ

---

আরবী

2242 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنِ الْحَارِثِ بْنِ شبيل عن أبي عمر الشَّيْبَانِيِّ , عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ قَالَ: كُنَّا فِي عَهْدِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُكَلِّمُ أَحَدُنَا صَاحِبَهُ فِي الصَّلَاةِ فِي حَاجَتِهِ حَتَّى نَزَلَتْ هَذِهِ الْآيَةُ: {حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلَاةِ الْوُسْطَى وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ} [البقرة: 238] فأُمِرْنا حينئذ بالسكوت.

الراوي : زَيْدِ بْنِ أَرْقَمَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2242 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (875): ق.

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: هَذِهِ اللَّفْظَةُ عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ: كُنَّا فِي عَهْدِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُكَلِّمُ أَحَدُنَا صَاحِبَهُ فِي الصَّلَاةِ ... قَدْ تُوهِمُ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّ نَسْخَ الْكَلَامِ فِي الصَّلَاةِ كَانَ بِالْمَدِينَةِ لِأَنَّ زَيْدَ بْنَ أَرْقَمَ مِنَ الْأَنْصَارِ وَلَيْسَ كَذَلِكَ لِأَنَّ نَسْخَ الْكَلَامِ فِي الصَّلَاةِ كَانَ بِمَكَّةَ عِنْدَ رُجُوعِ ابْنِ مَسْعُودٍ وأصحابه من الْحَبَشَةِ

وَلِخبر زَيْدِ بْنِ أَرْقَمَ مَعْنَيَانِ:

أَحَدُهُمَا: أَنَّهُ الْمُحْتَمِلُ أَنَّ زَيْدَ بْنَ أَرْقَمَ حَكَى إِسْلَامَ الْأَنْصَارِ قَبْلَ قَدُومِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ حَيْثُ كَانَ مُصْعَبُ بْنُ عُمَيْرٍ يُعَلِّمُهُمُ الْقُرْآنَ وَأَحْكَامَ الدِّينِ

وَحِينَئِذٍ كَانَ الْكَلَامُ مُبَاحًا فِي الصَّلَاةِ بِمَكَّةَ وَالْمَدِينَةِ سَوَاءٌ فَكَانَ بِالْمَدِينَةِ مَنْ أَسْلَمَ مِنَ الْأَنْصَارِ ـ قَبْلَ قُدُومِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِمْ ـ يُكَلِّمُ أَحَدُهُمْ صَاحِبَهُ فِي الصَّلَاةِ قَبْلَ نَسْخِ الْكَلَامِ فِيهَا فَحَكَى زَيْدُ بْنُ أَرْقَمَ صَلَاتَهُمْ فِي تِلْكَ الْأَيَّامِ لَا أَنَّ نَسْخَ الْكَلَامِ فِي الصَّلَاةِ كَانَ بِالْمَدِينَةِ
وَالْمَعْنَى الثَّانِي: أَنَّهُ أَرَادَ بِهَذِهِ اللَّفْظَةِ الْأَنْصَارَ وَغَيْرَهُمُ الَّذِينَ كَانُوا يَفْعَلُونَ ذَلِك قَبْلَ نَسْخِ الْكَلَامِ فِي الصَّلَاةِ عَلَى مَا يَقُولُ الْقَائِلُ فِي لُغَتِهِ: فَقُلْنَا: كَذَا يُرِيدُ بِهِ بَعْضَ الْقَوْمِ الَّذِينَ فَعَلُوا لا الكل.

বাংলা

২২৪২. যাইদ বিন আরকাম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জামানায় (ইসলামের প্রথম দিকে) আমরা সালাতে প্রয়োজনে নিজ সঙ্গীর সাথে কথা বলতাম। অতঃপর এই আয়াত নাযিল হয়, (তোমরা সালাতসমূহের ব্যাপারে বিশেষত মধ্যবর্তী সালাতের ব্যাপারে যত্নবান হও। আর তোমরা আল্লাহর জন্য বিনীতভাবে দাঁড়াও।–সূরা আল বাকারা: ২৩৮।)”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “যাইদ বিন আরকাম রাদ্বিয়াল্লাহু আনহুর বক্তব্য “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জামানায় (ইসলামের প্রথম দিকে) আমরা সালাতে প্রয়োজনে নিজ সঙ্গীর সাথে কথা বলতাম” এই হাদীস কোন কোন আলিমকে এই সংশয়ে ফেলে দেয় যে, সালাতে কথা বলার বিষয়টি হয়তো মদীনায় রহিত হয়েছে, কেননা যাইদ বিন আরকাম আনসারী সাহাবী ছিলেন। আসলে ব্যাপারটি তেমন নয়, কেননা সালাতে কথা বলা রহিত হয়েছিল মক্কায়, যখন আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর সঙ্গীসহ হাবশা থেকে ফিরে আসেন। আর যাইদ বিন আরকাম রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসের দুটো অর্থ হতে পারে।”

প্রথমত: হতে পারে যাইদ বিন আরকাম রাদ্বিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মদীনায় আগমনের পূর্বের আনসার সাহাবীদের ইসলাম পালনের বিবরণ দিয়েছেন। কেননা এই সময়ে মুস‘আব বিন উমাইর রাদ্বিয়াল্লাহু আনহু আনসারী সাহাবীদেরকে কুরআন ও দ্বীনের বিধি-বিধান শিক্ষা দিতেন। এই সময়ে মক্কা-মদীনা উভয় জায়গায় সালাতে কথা বলা সমানভাবে বৈধ ছিল। কাজেই রাদ্বিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মদীনায় আগমনের পূর্বে যারা ইসলাম গ্রহণ করেছিলেন, সালাতে কথা রহিত হওয়ার আগে তারা সালাতে তাদের সঙ্গীর সাথে কথা বলতেন; এটা উদ্দেশ্য নয় যে, সালাতে কথা বলা রহিত হওয়ার বিধান মদীনায় হয়েছে।

দ্বিতীয় অর্থ: তিনি এই কথা দ্বারা আনসার ও অন্যান্যদের বুঝিয়েছেন; যারা সালাতে কথা বলা রহিত হওয়ার আগে এমনটা করতেন। যেমন: কোন ব্যক্তি স্বীয় ভাষায় বলে: অতঃপর আমরা এরকম বলি।” এর দ্বারা কিছু লোক উদ্দেশ্য, যারা সরাসরি কাজটি সম্পাদন করেছে; এরকম কথা দ্বারা সবাইকে উদ্দেশ্য নেওয়া না।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩৬৮; সহীহ মুসলিম: ৫৩৯; আবূ দাঊদ: ৯৪৯; তিরমিযী: ৪০৫; তাবারানী আল কাবীর: ৫০৬৩; সুনান বাইহাকী: ২/২৪৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭২২; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৫৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৮৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্বাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91560

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন